দৈনিক ইত্তেফাক

তারিখ ১2 JAN 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

# সপ্তম শ্রেণির বাংলা বইয়ে সুকুমার রায়ের কবিতায় লাইনের গরমিল

■ইত্তেফাক রিপোর্ট

চলতি বছরে পাঠ্যপুস্তক বোর্ড প্রকাশিত ও সপ্তম শ্রেণির বাংলা পাঠ্যবই ‘সপ্তবর্ণায়’ বিখ্যাত শিশুসাহিত্যিক সুকুমার রায়ের ‘আনন্দ’ কবিতাটি এলোমেলোভাবে সাজানো হয়েছে। কবিতার তৃতীয় লাইনটি পাঠ্যবইয়ে চলে গেছে নবম লাইনে। চতুর্থটি দশমে। এভাবে আটটি লাইনের গরমিল রয়েছে। সংশ্লিষ্টরা বলছেন, প্রতি বছরই বইয়ে ভুল ধরা পড়ে কিন্তু তা আর সংশোধন হয় না। একটি কমিটি গঠন করেই দায়িত্ব শেষ করে এনসিটিবি।

পাঠ্যপুস্তক বোর্ডের দায়িত্বপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক রতন সিদ্দিকী ইত্তেফাককে জানান, তিনি ফেসবুকের মাধ্যমে তথ্যটি জেনেছেন। এ বিষয়ে বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক সৈয়দ মইনুল হাসানকে প্রধান করে এক সদস্য বিশিষ্ট একটি কমিটি করে দেয়া হয়েছে। কমিটি মঙ্গলবার রিপোর্ট জমা দেবে। এর পরই দায়ীদের চিহ্নিত করে ব্যবস্থা নেয়া হবে।